# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৩৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক আসর ও ফজরের সালাতকে দুটি শীতল সময়ের সালাত হিসেবে অবহিতকরণ

ذِكْرُ تَسْمِيَةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعَصْرَ وَالْغَدَاةَ بَرْدَيْنِ

আরবী

1736 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا هَمَّامُ بْنُ يَحْيَى حَدَّثَنَا أَبُو جَمْرَةَ الضُّبَعِيُّ عَنْ أَبِي بَكْرِ بْنِ عُمَارَةَ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَنْ صَلَّى البردين دخل الجنة)
الراوي : عُمَارَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1736 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق الرغيب)) (1/ 162): ق ـ أبي موسى، وقوله: ((أبي بكر ابن عمارة)) خطأ من المؤلف , أو شيخه عمران اختلط عليه حديث آخر وإنما لأبي بكر ابن عمارة عن أبيه الحديث الآتي بعده.

قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو جَمْرَةَ هَذَا مِنْ ثِقَاتِ أَهْلِ الْبَصْرَةِ اسْمُهُ: نَصْرُ بْنُ عِمْرَانَ الضُّبَعِيُّ. وَأَبُو حَمْزَةَ: مِنْ مُتْقِنِي أَهْلِهَا اسْمُهُ: عِمْرَانُ بْنُ أَبِي عَطَاءٍ سَمِعَا جَمِيعًا ابْنَ عَبَّاسٍ سَمِعَ شُعْبَةُ مِنْهُمَا وَكَانَا فِي زَمَنٍ واحد.

বাংলা

১৭৩৬. উমারাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি দুই শীতল সময়ের সালাত আদায় করবে, সে জান্নাতে প্রবেশ করবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “হাদীসের রাবী আবূ হামযা বসরার একজন নির্ভরযোগ্য রাবী।তার নাম নাসর বিন ইমরান যুবাঈ।

আর আবূ হামযা বসরার একজন মজবূত রাবী। তার নাম ইমরান বিন আবূ আতা। তারা দুইজনই ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে হাদীস শ্রবণ করেছেন। ইমাম শু‘বাহ রহিমাহুল্লাহ তাদের দুইজন থেকে হাদীস শ্রবণ করেছেন। তারা দুইজন একই যুগের মানুষ ছিলেন।”

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৩১৮; সুনান বাইহাকী: ১/৪৬৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৮৬; সহীহ মুসলিম: ৬৩৪; মুসনাদ আহমাদ: ৪/২৬১; নাসাঈ: ১/২৩৫; আবূ দাঊদ: ৪২৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৮২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব : ১/১৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উমারাহ ইবনে রুবিয়্যাহ (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90952

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন